



বিএনপি সরকার দীর্ঘ সময় ক্ষমতায় থাকবে না: আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

বিএনপি দীর্ঘ সময় দেশে সরকার পরিচালনা করতে পারবে না বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর মুখপাত্র আসিফ মাহমুদ।

শনিবার (৬ জুন) কুমিল্লার কান্দিরপাড় এলাকায় আয়োজিত ঈদ পুনর্মিলনী ও যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে আসিফ মাহমুদ বলেন, দেশের রাজনৈতিক অঙ্গনে এনসিপি এখন তৃতীয় শক্তি হিসেবে নিজেদের অবস্থান তৈরি করেছে। জনগণের প্রত্যাশা ও রাষ্ট্র সংস্কারের লক্ষ্য নিয়েই দলটি এগিয়ে যাচ্ছে বলেও দাবি করেন তিনি। একই সঙ্গে দেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে এনসিপিই প্রথম ছায়া বাজেট উপস্থাপন করেছে বলে উল্লেখ করেন।

তিনি আরও বলেন, দেশের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সমর্থন পাচ্ছে এনসিপি। সামনে সিটি করপোরেশন নির্বাচনসহ বিভিন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি চলছে। আগামী শীতের মধ্যেই ধাপে ধাপে কয়েকটি নির্বাচন অনুষ্ঠিত হতে পারে বলেও তিনি আশা প্রকাশ করেন।

কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচন প্রসঙ্গে আসিফ মাহমুদ জানান, মেয়র পদে এনসিপির সম্ভাব্য প্রার্থী হিসেবে জাতীয় যুবশক্তির সভাপতি তারিকুল ইসলামের নাম বিবেচনায় রয়েছে। দীর্ঘদিন ধরে মাঠপর্যায়ে কাজ করার কারণে কুমিল্লাবাসী তাকে ইতিবাচকভাবে দেখছে বলেও মন্তব্য করেন তিনি।

ঈদ পুনর্মিলনী ও যোগদান অনুষ্ঠানে এনসিপির কেন্দ্রীয় ও স্থানীয় নেতাকর্মী, বিভিন্ন অঙ্গসংগঠনের প্রতিনিধি এবং সমর্থকেরা উপস্থিত ছিলেন।